

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ১১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ সেপ্টেম্বর ২০১৪ খ্রি:

নং পৌর-২/৪৬.০০.০০০০.০৬৪.৩১.০১২.২০১২/১০৮৪—যেহেতু আপনি জনাব মোঃ নুরুল্লাহ  
প্রামাণিক সাজু, মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন;

যেহেতু, আপনি ২১-১১-২০১৩খ্রি: তারিখের পর আর কোন সভা করেন নাই। মাসিক সভা না করে আইইউআইডির প্রকল্পের চেকে স্বাক্ষর করে প্রকল্পের অর্থ ছাড় করেন। বিভিন্ন তারিখে বিভিন্ন প্রকল্পের অনুকূলে অর্থ ছাড় দিয়ে চেক ও রেজিস্টারে স্বাক্ষর করেছেন। ২০১৩-১৪ অর্থবছরে মোট ৫১ লক্ষ বরাদ্দকৃত অর্থের বিপরীতে কোন প্রকার দরপত্র আহ্বান না করে এবং মাসিক সভার সিদ্ধান্ত ব্যতিত কোন প্রকার প্রকল্প গ্রহণ না করে অর্থ উত্তোলন করে পৌরসভার নিজস্ব হিসাবে জমা রাখা তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার বিরংদে প্রমাণিত অভিযোগসমূহ পৌরসভার স্বার্থ পরিপন্থি/প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

যেহেতু, এরূপ অভিযোগের কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) বিধানমতে পৌরসভার মেয়র-কে নিজ পদ হতে সাময়িকভাবে বরখাস্তের বিধান রয়েছে;

(১৮৮৮৩ )

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, সরকার জনাব মোঃ নুরুল্লাহী প্রামাণিক সাজু, মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা-কে  
সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) বিধান মোতাবেক  
গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ পৌরসভার মেয়র জনাব মোঃ নুরুল্লাহী প্রামাণিক সাজু-কে সুন্দরগঞ্জ  
পৌরসভার মেয়রের পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খলিলুর রহমান  
উপ-সচিব।